

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
গেটওয়ে লাইসেন্সিং শাখা
৪২৩-৪২৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.৪১৪.৯৭.০০২.২০.৭১

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭

০১ নভেম্বর ২০২০

বিষয়: “বেসামরিক প্রশাসনে চাকুরিরত অবস্থায় কোন সরকারি কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ ও গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতার কারণে আর্থিক অনুদান প্রদান নীতিমালা-২০১৩” এর আওতায় বিটিসিএল এ প্রেষণে কর্মরত অবস্থায় মৃত্যুবরণকারী টেলিযোগাযোগ অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণের পরিবারের সদস্যদের আর্থিক অনুদান প্রাপ্তির আবেদন সংক্রান্ত।

সূত্র: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের পত্র নং- ১৪.০০.০০০০.০০৯.০০.০০৪.১৭.১৮৫, তারিখ: ১৪/০৬/২০১৭।

সূত্রোক্ত পত্রের অনুষ্ট-২ মোতাবেক প্রেষণে বিটিসিএল-এ কর্মরত ডিওটি'র কর্মকর্তা/কর্মচারীগণের ক্ষেত্রে “----মৃত ব্যক্তি টেলিযোগাযোগ অধিদপ্তরের স্থায়ী রাজস্ব পদধারী মর্মে টেলিযোগাযোগ অধিদপ্তর থেকে একটি প্রত্যয়ন বিটিসিএল এর সংশ্লিষ্ট অফিস সংগ্রহ পূর্বক তা আবেদনের সাথে সংযোজন করতে হবে”। উপর্যুক্ত নির্দেশনা অনুযায়ী সংগৃহীত প্রত্যয়নসহ আবেদনটি বিটিসিএল এর সংশ্লিষ্ট অফিস কর্তৃক জনপ্রশাসন মন্ত্রণালয় প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।

২। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সূত্রোক্ত পত্রের নির্দেশনা উপেক্ষা করে বিটিসিএল এর বিভিন্ন অফিস থেকে বিষয়ে বর্ণিত আবেদনসমূহ জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধ জানিয়ে ডিওটি-তে অগ্রায়ন করা হচ্ছে, যা সঙ্গত নয়। সূত্রোক্ত পত্রের নির্দেশনা অনুসরণে আলোচ্য প্রত্যয়ন ইস্যু ভিন্ন ডিওটি কর্তৃপক্ষের আবেদন অগ্রায়নের কোনো সুযোগ নেই। স্থায়ী রাজস্ব পদধারী মর্মে টেলিযোগাযোগ অধিদপ্তর থেকে প্রত্যয়ন ইস্যু করার নিমিত্ত প্রয়োজনীয় তথ্য প্রদানের ছক এর সাথে সংযুক্ত করা হলো।

৩। বর্ণিতাবস্থায়, মৃত কর্মকর্তা/কর্মচারীর পরিবারের স্বার্থ বিবেচনায় সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক তাঁর পক্ষ থেকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১-১১-২০২০

সঞ্জিব কুমার ঘটক

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিমিটেড
(বিটিসিএল)


পরিচালক
ফোন: +৮৮০-২-৯৮৩০৪০০
ইমেইল:
sanjib.ghatak@telecomdept.gov.bd

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.৪১৪.৯৭.০০২.২০.৭১/১

তারিখ: ১৬ কার্তিক ১৪২৭
০১ নভেম্বর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপপরিচালক, আইসিটি বাস্তবায়ন অধিশাখা, টেলিযোগাযোগ অধিদপ্তর- সংযুক্তিসহ পত্রটি ওয়েবসাইটে
আপলোডের কার্যক্রম গ্রহণের নিমিত্ত।



১-১১-২০২০

মোঃ সোলায়মান

সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)